

Mob.- Principal- 9064096065, Office- 9641051610



# ACHARYA SUKUMAR SEN MAHAVIDYALAYA

(A Govt. Aided General Degree College) NAAC Accredited-2024

E-mail- [sensukumarmv@gmail.com](mailto:sensukumarmv@gmail.com) Web- [www.sukumarsencollege.ac.in](http://www.sukumarsencollege.ac.in)


Vill+P.O.-Gotan, Dist- PurbaBardhaman, Via- Tarakeswar, Pin-712410

Ref. No.-

Date:-28/11/2025


## বিজ্ঞপ্তি


এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে, আচার্য সুকুমার সেন মহাবিদ্যালয়ের বাংলা বিভাগ "আবৃত্তি সঞ্চালনা এবং অভিনয়" শীর্ষক একটি অ্যাডঅন কোর্সের আয়োজন করেছে। আগামী ০৮ ডিসেম্বর ২০২৫ থেকে এই কোর্সের ক্লাস শুরু হবে। অনলাইন এবং অফলাইন মোডে বিশেষজ্ঞরা ক্লাস নেবেন। তিরিশ ঘণ্টার এই কোর্সে ওয়ার্কে আমাদের মহাবিদ্যালয়ের সমস্ত সেমিস্টারের ছাত্রছাত্রীরা সহ প্রাক্তন ছাত্রছাত্রী এবং অন্যান্য কলেজের ছাত্রছাত্রীরাও অংশগ্রহণ করতে পারবে। কোর্স ফিজ : আচার্য সুকুমার সেন মহাবিদ্যালয়ের বর্তমান ছাত্রছাত্রীদের জন্য ৫০/- টাকা এবং প্রাক্তনী ও অন্যান্য কলেজের ছাত্রছাত্রীদের জন্য ১০০/- টাকা। কোর্সের শেষে সকলকে সার্টিফিকেট প্রদান করা হবে। কোর্সের বিস্তারিত বিবরণ সঙ্গে দেওয়া হল। উৎসাহীদের কোর্স কো-অর্ডিনেটরের সঙ্গে (মোবাইল: ৯৮৩০৩৬৯৭০৩) যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। ধন্যবাদান্তে

  
প্রিন্সিপাল,

Principal

Acharya Sukumar Sen Mahavidyalaya  
O.- Gotan, Dist.-Purba Bardhaman

  
আই.কিউ.এ.সি. কো-অর্ডিনেটর,  
Co-ordinator  
I. Q. A. C.  
Acharya Sukumar Sen Mahavidyalaya  
Gotan, Purba Bardhaman.

  
কোর্স কো-অর্ডিনেটর



Certificate Course on  
Recitation Anchoring Acting and Drama  
আবৃত্তি সঞ্চালনা অভিনয় ও নাটক



বাংলা বিভাগ, আচার্য সুকুমার সেন মহাবিদ্যালয়

Department of Bengali  
Acharya Sukumar Sen Mahavidyala

আচার্য সুকুমার সেন মহাবিদ্যালয়ের বাংলা বিভাগ আয়োজিত সহায়ক কোর্সের বিষয়

## ‘আবৃত্তি সঞ্চালনা অভিনয় ও নাটক’

শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬

সঞ্চালক : ড. নির্মল চট্টোপাধ্যায়, সহযোগী অধ্যাপক, বাংলাবিভাগ

### নিয়মাবলী :

- কোর্সটির সময়সীমা : ৩০ ঘণ্টা
- টিচিং মোড : থিয়োরি ও প্রাকটিক্যাল ; অনলাইন ও অফ লাইন
- প্রত্যেকের ন্যূনতম ৬০ শতাংশ উপস্থিতি বাধ্যতামূলক
- অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের কোর্সশেষে মূল্যায়ন করে মূল্যায়নের ভিত্তিতে শংসাপত্র প্রদান করা হবে।  
মূল্যায়নমান : ৫০ নম্বর। এর মধ্যে ক্লাসে উপস্থিতির জন্য ৫ নম্বর বরাদ্দ থাকবে। মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে ক্লাসে বিস্তারিত জানানো হবে।
- মূল্যায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শংসাপত্রে বিভাগ/শ্রেণি নির্ধারিত হবে :

প্রাপ্ত নম্বর	বিভাগ/শ্রেণি
৪৫-৫০	ক+
৪০-৪৫	ক
৩০-৪০	খ
২০-৩০	গ
২০-র কম	অকৃতকার্য

### উদ্দেশ্য :

- উচ্চারণ এবং ভাবপ্রকাশে সার্বলীলতা আনা।
- অধিকাংশ ছাত্রছাত্রীরা সঠিকভাবে উচ্চারণ করতে পারে না। লেখার ক্ষেত্রেও মনের ভাব পরিষ্কার করে প্রকাশ করতে পারে না। এই কোর্সের প্রধান উদ্দেশ্য ছাত্রছাত্রীদের সঠিকভাবে উচ্চারণ করতে এবং মনের ভাব প্রকাশ করতে শেখানো।
- স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে উৎসাহিত করা।
- মাইক্রোফোনের সামনে সার্বলীল ভাবে কথা বলতে শেখানো।
- ছাত্রছাত্রীদের মঞ্চভীতি দূর করা।
- ইতিমধ্যে প্রচুর ইউটিউব চ্যানেল তৈরি হয়েছে। এই ইউটিউব চ্যানেলগুলিতে বিভিন্ন বিষয়ে আলোচনা ইত্যাদি করা হয়। অসংখ্য খবরের চ্যানেলও রয়েছে। সেইসব চ্যানেলে, স্ক্রিপ্ট লেখা, খবর পড়া এবং খবর সংগ্রহের জন্য স্থানীয় ছেলেমেয়েদের নেওয়া হয়। এই কোর্স করা থাকলে ইউটিউব চ্যানেলগুলিতে কাজ পেতে সুবিধে হবে।

- বিজ্ঞাপন এবং খবরের কন্ঠদান (ভয়েসওভার) করতে পারবে।
- সাবলীল ভাবে বিভিন্ন ইন্টারভিউ এবং পার্সনালিটি টেস্টের মুখোমুখি হওয়া।
- পড়কাস্ট করতে শেখা।

একক	বিষয় সূচি	লার্নিং মোড	সময়সীমা	পূর্ণমান
একক ১	‘কপাল কুণ্ডলা’ (প্রথমখণ্ড), বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	থিয়োরি	৩ ঘন্টা	২৫
	‘মেঘনাদবধকাব্য’ (প্রথমসর্গ), মাইকেল মধুসূদন দত্ত	থিয়োরি	৩ ঘন্টা	
	‘সধবার একাদশী’ (নিমচাঁদের সংলাপ), দীনবন্ধু মিত্র	থিয়োরি	৩ ঘন্টা	
	‘দর্জি পাড়ার মর্জিনারা’ (নির্বাচিত অংশ), ব্রাত্যবসু	থিয়োরি	৩ ঘন্টা	
	একাক্ষ নাটক, মনোজমিত্র	থিয়োরি	৩ ঘন্টা	
	মোট থিয়োরি ক্লাস		১৫ ঘন্টা	২৫
একক ২	আবৃত্তি (যে কোনো তিনটি কবিতা)	প্রাকটিক্যাল	২ ঘন্টা	১০
	উচ্চারণ : অভিনয়, আবৃত্তি, খবরপড়া, সঞ্চালনা-র উচ্চারণগত পার্থক্য	প্রাকটিক্যাল	২ ঘন্টা	
	অভিনয় : সংলাপ বলা	প্রাকটিক্যাল	২ ঘন্টা	
	আলো ও ধ্বনি : মাইক্রোফোনের ব্যবহার	প্রাকটিক্যাল	২ ঘন্টা	
	স্ক্রিপ্ট রাইটিং	প্রাকটিক্যাল	২ ঘন্টা	১০
	প্রপসের ব্যবহার	প্রাকটিক্যাল	২ ঘন্টা	
	বডি অ্যালাইনমেন্ট : দাঁড়ানো, হাঁটা-চলা	প্রাকটিক্যাল	২ ঘন্টা	
	উপস্থাপনা : পোশাক ও মেকআপ	প্রাকটিক্যাল	১ঘন্টা	
			১৫ ঘন্টা	২০
মূল্যায়ন	থিয়োরি এবং প্রাক্টিক্যাল (২৫ + ২০)		৪৫	
	ক্লাসে উপস্থিতি		৫	
	মোট		৫০ নম্বর	

মূল্যায়ন পদ্ধতি :

- ✓ মূল্যায়নমান : ৫০ নম্বর
- ✓ একক ১ : লিখিত পরীক্ষা : ২৫ নম্বর
- ✓ একক ২ : প্রাকটিক্যাল : ২০ নম্বর (লাইভ পারফরম্যান্স : ১০ নম্বর + প্রজেক্ট ৫নম্বর ; রিডিং টেস্ট : ৫ নম্বর ; মোট ২০ নম্বর)
- ✓ ক্লাসে উপস্থিতির জন্য ৫ নম্বর

সহায়ক গ্রন্থ :

- ১। প্রমিত বাংলা উচ্চারণ অভিধান, পবিত্র সরকার
- ২। ‘বাংলা উচ্চারণ অভিধান’, অশোক কুমার মুখোপাধ্যায়
- ২। ‘নাটকের শুরু নাটকের শেষ’, পবিত্র সরকার
- ৩। ‘নাটমঞ্চ নাট্যরূপ’, পবিত্র সরকার
- ৪। ‘আবৃত্তির আদি পাঠ’, সৈয়দ জাহিদ হাসান
- ৫। ‘আবৃত্তির অলিঙ্গ থেকে’, ব্রতী বন্দ্যোপাধ্যায়
- ৬। ‘আবৃত্তির প্রথম পাঠ’, দীপঙ্কর চক্রবর্তী
- ৭। ‘আবৃত্তি রকাস’, মীরবরকত
- ৮। ‘অভিনয়-শিক্ষা’, শ্রীভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
- ৯। ‘অভিনয়ের অ-আ-ক-থ’, উদালক ভট্টাচার্য
- ১০। ‘দেহের ভাষা’, অঞ্জন দাশগুপ্ত
- ১১। ‘শুধু আবৃত্তির জন্য’, ব্রতী বন্দ্যোপাধ্যায়
- ১২। ‘শুধু আবৃত্তির জন্য : রবীন্দ্রনাথ’, ব্রতী বন্দ্যোপাধ্যায়